গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ শাখা

# সুরক্ষা সেবা বিভাগের ডিসেম্বর, ২০২৩-এর মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী<br>সচিব |
| সভার তারিখ | ১৭ ডিসেম্বর ২০২৩ |
| সভার সময় | বিকাল ৪.০০টা |
| স্থান | সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| উপস্থিতি | 'পরিশিষ্ট-ক' |

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপন করার জন্য উপসচিব (প্রশাসন-৩)-কে অনুরোধ জানান। অতঃপর উপসচিব (প্রশাসন-৩) আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। তদপ্রেক্ষিতে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | **কার্যবিবরণী দৃঢ়ীকরণ** : উপসচিব (প্রশাসন-৩) সভাকে জানান নভেম্বর, ২০২৩-এর কার্যবিবরণী সংশ্লিষ্ট সকল কর্মকর্তার নিকট প্রেরণ করা হয়েছে। লিখিত কিংবা মৌখিকভাবে কোন প্রকার সংশোধনীর প্রস্তাব পাওয়া যায়নি। কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা যেতে পারে। | কোন সংশোধনী প্রস্তাব না থাকায় নভেম্বর, ২০২৩-এর কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হলো। | --- |
| ২ | **মসবৈ-১০(০৬)/২০২৩, তারিখ : ১২ জুন ২০২৩ : বিষয়-১** : 'জাতীয় পরিচয় নিবন্ধন আইন, ২০২৩'-এর খসড়ার নীতিগত/চূড়ান্ত অনুমোদন। জাতীয় পরিচয় নিবন্ধন আইন-২০২৩ এর মর্মানুযায়ী সুরক্ষা সেবা বিভাগে এনআইডি অনুবিভাগ সৃজনের নির্মিত ২৫ জনবল পদ সৃজনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব সভায় ১২ ডিসেম্বর ২০২৩ তারিখ উত্থাপিত হয়েছে। সভার কার্যবিবরণী এখনো পাওয়া যায়নি। সভার কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভাকে জানানো হয়। | ১) প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিতে ২৫ জনবল পদায়নের বিষয়ে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ অনুবিভাগ)** |

| | | | |
|---|---|---|---|
| ৩ | **মসবৈ-১৯(১০)/২০১৯, তারিখ : ২৮ অক্টোবর ২০১৯ : মন্ত্রিসভার সিদ্ধান্ত :** ১৪। বাংলাদেশ ও সাউথ আফ্রিকার মধ্যে স্বাক্ষরের জন্য 'Agreement between The Government of The Republic of South Africa and The Government of the People`s Republic of Bangladesh regarding the waiver of Visa requirement for holders of Diplomatic and Official Passports' শীর্ষক চুক্তির খসড়া অনুমোদন করা হইল।<br><br>বাংলাদেশ ও সাউথ আফ্রিকার মধ্যে চুক্তিটি স্বাক্ষরের নিমিত্ত ২৪ জুলাই ২০২৩ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়। পরবর্তীতে চুক্তি স্বাক্ষরের সর্বশেষ অগ্রগতি এ বিভাগ-কে অবহিত করার জন্য ৩১ অক্টোবর ২০২৩ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয়ে তাগিদপত্র প্রেরণ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | ১) বাংলাদেশ ও সাউথ আফ্রিকার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীগণের অনুকূলে ভিসা অব্যাহতি চুক্তিটি স্বাক্ষরের বিষয়ে যথাযথ কার্যক্রম সম্পাদনের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ)/যুগ্মসচিব (বহিঃ ২ অধিশাখা)/উপসচিব (বহিঃ ২ শাখা), সুরক্ষা সেবা বিভাগ।** |
| ৪ | **মসবৈ-০৭(০৪)/২০২৩, তারিখ : ১০ এপ্রিল ২০২৩ : মন্ত্রিসভার সিদ্ধান্ত :** ১৭। সার-সংক্ষেপের সহিত উপস্থাপিত বাংলাদেশ ইরাক সরকারের মধ্যে প্রস্তাবিত 'Memorandum of Understanding (MoU) Between the Government of the People's Republic of Bangladesh and the Government of the Republic of Iraq on Visa Exemption for holders of Diplomatic, official and Service Passport' এর খসড়া অনুমোদন করা হইল।<br><br>ইরাক সরকারের পক্ষ হতে উভয় দেশের সরকারের পরিবর্তে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মধ্যে চুক্তি স্বাক্ষরের অনুরোধ জানানো হয়েছে বিধায় বিষয়টি সুরক্ষা সেবা বিভাগে পর্যালোচনাধীন রয়েছে। এ বিষয়ে সুরক্ষা সেবা বিভাগে ১৩ সেপ্টেম্বর ২০২৩ তারিখে একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। | ১) বাংলাদেশ ও ইরাক সরকারের মধ্যে প্রস্তাবিত খসড়া চুক্তিটি স্বাক্ষরের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে নিয়মিত দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ)/যুগ্মসচিব (বহিঃ ২ অধিশাখা)/উপসচিব (বহিঃ ২ শাখা), সুরক্ষা সেবা বিভাগ।** |
| ৫ | **মসবৈ-২২(১২)/২০২১, তারিখ: ১৯ ডিসেম্বর ২০২১ : মন্ত্রিসভার সিদ্ধান্ত :** ২০। সারসংক্ষেপের সহিত উপস্থাপিত বাংলাদেশ ও মালদ্বীপের মধ্যে 'Agreement between the Government of the People's Republic of Bangladesh and the Government of the Republic of Maldives on Transfer of Prisoners'-শীর্ষক চুক্তির খসড়া অনুমোদন করা হইল।<br><br>বাংলাদেশ ও মালদ্বীপের মধ্যে চুক্তিটি ভেটিং এর জন্য ১ আগস্ট ২০২৩ তারিখে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়। লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ হতে চুক্তিটির ভেটিং সম্পন্ন করা হয়েছে। ভেটিং-এ চুক্তিটির ওপর কিছু সংশোধনী প্রদান করা হয়েছে। উক্ত সংশোধনীর বিষয়ে মালদ্বীপ সরকারের মতামত গ্রহণের জন্য ১০ সেপ্টেম্বর ২০২৩ তারিখে ভেটিংকৃত চুক্তিটি পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। সংশোধনীর বিষয়ে মালদ্বীপ সরকারের সম্মতি পাওয়া গেলে খসড়া চুক্তিটি চূড়ান্ত অনুমোদনের জন্য মন্ত্রিসভায় প্রেরণ করা হবে। | ১) বাংলাদেশ ও মালদ্বীপের মধ্যে বন্দি বিনিময় চুক্তিটি স্বাক্ষরের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ)/যুগ্মসচিব (বহিঃ ১ অধিশাখা)/উপসচিব (বহিঃ ২ শাখা), সুরক্ষা সেবা বিভাগ।** |

| | | | |
|---|---|---|---|
| ৬ | **মসবৈ-১৪(০৮)/২০২৩, তারিখ: ২৮ আগস্ট ২০২৩**<br><br>**মন্ত্রিসভার সিদ্ধান্ত :** ২৫। বাংলাদেশ ও সংযুক্ত আরব আমিরাতের মধ্যে 'Memorandum of Understanding between the Government of the United Arab Emirates and the Government of the People's Republic of Bangladesh on Entry Visa Requirements'-এর খসড়া অনুমোদন করা হইলো।<br><br>বাংলাদেশ ও সংযুক্ত আরব আমিরাতের মধ্যে সমঝোতা-স্মারক স্বাক্ষরের সর্বশেষ অগ্রগতি এ বিভাগকে অবহিত করার জন্য ৩১ অক্টোবর ২০২৩ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয়ে তাগিদপত্র প্রেরণ করা হয়েছে। কিন্তু অদ্যাবধি এ বিষয়ে কোন অগ্রগতি পাওয়া যায়নি। | ১) বাংলাদেশ ও সংযুক্ত আরব আমিরাতের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরের বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ)/যুগ্মসচিব (বহিঃ ২ অধিশাখা)/উপসচিব (বহিঃ ২ শাখা), সুরক্ষা সেবা বিভাগ।** |
| ৭ | **মসবৈ-১৬(১০)/২০২৩, তারিখ: ০৯ অক্টোবর ২০২৩ :**<br>**মন্ত্রিসভার সিদ্ধান্ত :** ২৩। সারসংক্ষেপের সহিত উপস্থাপিত বাংলাদেশ ও আলজেরিয়া সরকারের মধ্যে 'Agreement between the Government of the People's Democratic Republic of Algeria and the Government of the People's Republic of Bangladesh on Mutual Exemption of Visa Requirements for Holders of Diplomatic, Services and Official Passports'-শীর্ষক খসড়া চুক্তির প্রস্তাব অনুমোদন করা হইলো।<br><br>বাংলাদেশ ও আলজেরিয়া সরকারের মধ্যে ভিসা অব্যাহতি চুক্তি মন্ত্রিসভা-বৈঠকে অনুমোদন গ্রহণ করা হয়েছে এবং চুক্তিটি স্বাক্ষরের জন্য ২ নভেম্বর ২০২৩ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। | ১) বাংলাদেশ ও আলজেরিয়া সরকারের মধ্যে ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটি স্বাক্ষরের নিমিত্ত পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ)/যুগ্মসচিব (বহিঃ ২ অধিশাখা)/উপসচিব (বহিঃ ২ শাখা), সুরক্ষা সেবা বিভাগ।** |
| ৮ | **মসবৈ-১৮(১১)/২০২৩, তারিখ: ২৭ নভেম্বর ২০২৩ :**<br>**মন্ত্রিসভার সিদ্ধান্ত :** ২১। সারসংক্ষেপের সহিত উপস্থাপিত বাংলাদেশ ও কাজাখস্তান সরকারের মধ্যে স্বাক্ষরিত 'Agreement between the Government of the People's Republic of Bangladesh and the Government the Republic of Kazakhstan on Exemption from Visa requirements for Holders Diplomatic and Service/Official Passports'- শীর্ষক চুক্তি অনুসমর্থনের প্রস্তাব অনুমোদন করা হইলো।<br><br>বাংলাদেশ ও কাজাখস্থান সরকারের মধ্যে ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটি ২২ সেপ্টেম্বর ২০২৩ তারিখে স্বাক্ষরিত হয়েছে এবং মন্ত্রিসভা-বৈঠকে ২৭ নভেম্বর ২০২৩ তারিখে অনুসমর্থনের প্রস্তাব অনুমোদিত হয়েছে। চুক্তিটি কার্যকর এবং বাস্তবায়নের লক্ষ্যে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ১০ ডিসেম্বর ২০২৩ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। | ১) বাংলাদেশ ও কাজাখস্থান সরকারের মধ্যে ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটি স্বাক্ষরের বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ)/যুগ্মসচিব (বহিঃ ২ অধিশাখা)/উপসচিব (বহিঃ ২ শাখা), সুরক্ষা সেবা বিভাগ।** |


| | | | |
|---|---|---|---|
| ৯ | **মসবৈ-০৫(০২)/২০১৬, তারিখ: ০১ ফেব্রুয়ারি ২০১৬ :**<br>**মন্ত্রিসভার সিদ্ধান্ত :** 'বাংলাদেশ নাগরিকত্ব আইন, ২০১৬'-এর খসড়ার চূড়ান্ত অনুমোদন।<br>বাংলাদেশ নাগরিকত্ব আইন-২০১৬ ১ ফেব্রুয়ারি ২০১৬ তারিখে মন্ত্রিসভা বৈঠকে প্রস্তাবিত আইনের কিছু ধারা-উপধারায় সংশোধনী আনয়ন সাপেক্ষে চূড়ান্ত অনুমোদন করা হয়। তৎপ্রেক্ষিতে প্রস্তাবিত আইন সংশোধনক্রমে ভেটিং এর জন্য ২৮ মার্চ ২০১৬ তারিখে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br><br>বাংলাদেশ নাগরিকত্ব আইন, ২০১৬ এর খসড়া প্রণয়ন বিষয়ে সচিব, সুরক্ষা সেবা বিভাগ এবং সিনিয়র সচিব আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মধ্যে ০২.০৮.২০২৩ তারিখে বৈঠক অনুষ্ঠিত হয়েছে। পরবর্তীতে বাংলাদেশ নাগরিকত্ব আইন-২০১৬ এর ভেটিং গ্রহণের লক্ষ্যে ৭ মে ২০১৮ তারিখ লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে পত্র প্রেরণ করা হয়। লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ হতে ভেটিং কার্যক্রমের অগ্রগতি অদ্যাবধি পাওয়া যায়নি। এ সংক্রান্ত যোগাযোগ অব্যাহত আছে। | ১) 'বাংলাদেশ নাগরিকত্ব আইন, ২০১৬'-এর ভেটিং কার্যক্রম সম্পন্নের খসড়া লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সাথে ব্যক্তিগত ও দাপ্তরিক যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ)/ উপসচিব (বহিঃ ৩ শাখা), সুরক্ষা সেবা বিভাগ।** |

| | | | |
|---|---|---|---|
| ১০ | **মসবৈ-২৯(১০)/২০০৬, তারিখঃ ০৯-১০- ২০০৬ :**<br>**মন্ত্রিসভার সিদ্ধান্ত :** ৮.৩। Jail Code Rules এর যেই সকল সংশোধন বা সংস্কার সম্পর্কিত বিধান বিভিন্ন আইনের সহিত সংশ্লিষ্ট প্রথমে উক্ত আইন/আইনসমূহ সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সহিত পরামর্শক্রমে সংশোধন করিবার উদ্যোগ গ্রহণ করিয়া পর্যায়ক্রমে সংশোধিত বিধানসমূহ কার্যকর করিতে হইবে।<br><br>**৮.৪। Jail Code Rules এর বাংলা ভাষায় একটি অনুবাদ প্রকাশ করিবার ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।**<br><br>বাংলাদেশ কারা ও সংশোধন পরিষেবা আইন, ২০২৩-এর খসড়ার ওপর জনমত যাচাইয়ের জন্য ১৯ ডিসেম্বর ২০২৩ তারিখে বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।<br><br>The Prison's Act 1894 এবং The Prisoners Act 1900 এর স্থলে বাংলা ভাষায় "কারা ও সংশোধন পরিষেবা আইন ২০২২" এর খসড়া প্রণয়ন করা হয়েছে। উক্ত খসড়া আইন প্রমিতীকরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়, অতিরিক্ত সচিব, সংস্কার ও গবেষণা অনুবিভাগে ৭ ডিসেম্বর ২০২২ তারিখে প্রেরণ করা হয়েছিল। ৫ মে ২০২৩ তারিখে উক্ত খসড়াটি প্রমিতীকরণ শেষে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে এ বিভাগে প্রেরণ করা হয়েছে। এ খসড়ার বিষয়ে আলোচনার জন্য ১২ মার্চ ২০২৩ তারিখ আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সিদ্ধান্ত এবং পরবর্তীতে এ বিষয়ে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ হতে প্রাপ্ত মতামতের আলোকে খসড়া সংশোধন করা হচ্ছে।<br><br>আইন ও বিচার বিভাগের উদ্যোগে Jail Code সংশোধনের বিষয়ে ১৭ অক্টোবর ২০১৭ তারিখে একটি আন্তঃমন্ত্রণালয় উপকমিটি গঠন করা হয়েছে। তাছাড়া, জেল কোড বিধিমালার খসড়া প্রণয়নের জন্য এ বিভাগ হতে ২৫ মে ২০২৩ তারিখে একটি কমিটি গঠন করা হয়েছে। এ কমিটি খসড়া প্রণয়নের কাজ করছে। | ১) The Prison's Act 1894 এবং The Prisoners Act 1900এর স্থলে বাংলা ভাষায় 'কারা ও সংশোধন পরিষেবা আইন ২০২২' এর খসড়া প্রণয়ন করা হয়েছে। আইনটির সংশোধন কার্যক্রম সম্পাদনের জন্য অবশিষ্ট প্রক্রিয়ার কোন কোন কার্যক্রমের অগ্রগতি কি তা আগামী সমন্বয়সভার পূর্বেই অবহিত করতে হবে।<br><br>২) বাংলাদেশ প্রিজন্স এন্ড কারেকশনাল সার্ভিসেস এ্যাক্ট, ২০২২-এর খসড়া প্রণয়ন কার্যক্রম দ্রুত সম্পন্ন করতঃ এর আলোকে Jail Code-এর খসড়া প্রণয়নের কার্যক্রম আগামী ১ (এক) মাসের মধ্যে শেষ করতে হবে। | **আইজি প্রিজন/যুগ্মসচিব (কারা অনুবিভাগ)/সংশ্লিষ্ট উপকমিটি।** |
| ১১ | **মসবৈ-১৪(০৮)/২০১৯, তারিখ: ২৬ আগস্ট ২০১৯ :**<br><br>মন্ত্রিসভার সিদ্ধান্ত : ৯.৩। ইংরেজি ভাষায় প্রণীত বিদ্যমান আইনসমূহ যুগোপযোগী করিয়া বাংলায় প্রণয়ন করিবার বিষয়ে মন্ত্রণালয়/বিভাগের সচিবগণ কার্যকর উদ্যোগ গ্রহণ করিবেন।<br><br>সুরক্ষা সেবা বিভাগ সংশ্লিষ্ট ইংরেজি ভাষায় প্রণীত বিদ্যমান আইনের সংখ্যা ১১টি। তন্মধ্যে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর সংশ্লিষ্ট ৮টি আইন এবং কারা অধিদপ্তর সংশ্লিষ্ট ৩টি আইন বিদ্যমান আছে।<br><br>**বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর :**<br>1 .The Bangladesh Passport Order, 1973 (President's Order no. 09 of 1973)<br>2. The Passport Act, 1920)<br>3. The Registration of Foreigners Act, 1939<br>4. The Foreigners Act, 1946<br>5. The Citizenship Act, 1951 | ১) লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রেখে ভেটিং কার্যক্রম দ্রুত শেষ করতে হবে।<br><br>২) মন্ত্রিসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের ৮টি ও কারা অধিদপ্তরের ৩টি ইংরেজি ভাষায় প্রণীত আইন দ্রুত বাংলায় প্রণয়ন | **সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান/সংশ্লিষ্ট অধিদপ্তর প্রধান/বহিরাগমন-৪ শাখা প্রধান।** |

| | | | |
|---|---|---|---|
| | 6. The Passport (Offences) Act, 1952<br>7. The Control of Entry Act, 1952<br>8 . The Bangladesh Citizenship (Temporary Provisions Order), 1972.<br><br>The Bangladesh Passport Order, 1973 (President's Order no. 09 of 1973) এর আলোকে বাংলাদেশ পাসপোর্ট আইন ২০২০ এর খসড়া প্রণয়ন করা হয়েছে। বাংলাদেশ পাসপোর্ট আইন, 202০ প্রণয়ন করা হলে The Bangladesh Passport Order, 1973; The Passport Act, 1920 এবং The Passport (Offences) Act, 1952 রহিত হতে পারে। বাংলাদেশ পাসপোর্ট আইন-২০২০ এর খসড়া চূড়ান্তকরণের লক্ষ্যে ৪ জুন ২০২৩ তারিখে অতিরিক্ত সচিবের (নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ) সভাপতিত্বে ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরে একটি সভা অনুষ্ঠিত হয়েছে।<br><br>The Citizenship Act, 1951 এবং The Bangladesh Citizenship (Temporary Provisions Order), 1972 আইন ২টি সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক বাংলায় অনুবাদ করার জন্য নির্ধারিত ছিল। তবে বাংলাদেশ নাগরিকত্ব আইন, ২০১৬ এর খসড়া ভেটিং এর জন্য ২৮ মার্চ ২০১৬ তারিখে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়, যা বর্তমানে প্রক্রিয়াধীন রয়েছে।<br><br>The Registration of Foreigners Act, 1939; The Foreigners Act, 1946 & The Control of Entry Act, 1952 আইন ৩টি বাংলায় প্রণয়নপূর্বক জনপ্রশাসন মন্ত্রণালয় হতে প্রমিতীকরণ করা হয়। পরবর্তীতে ভেটিং গ্রহণের লক্ষ্যে ১৩ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে মূলনথি প্রেরণ করা হয়। ভেটিং কার্যক্রম সংক্রান্ত যোগাযোগ অব্যাহত আছে।<br><br>**কারা অধিদপ্তর :**<br>1.The Prisons Act, 1894<br>2.The Bengal Jail Code, 1894<br>3.The Prisoners Act, 1900<br><br>সংশোধিত জেল কোড প্রণয়নপূর্বক ভেটিং এর জন্য ২১ আগস্ট ২০০৭ তারিখে আইন ও বিচার বিভাগ, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। ১৩ জানুয়ারি ২০১৩ তারিখে তৎকালীন মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী জেল কোড পুনঃপর্যালোচনাপূর্বক সংশোধনক্রমে ইংরেজি ও বাংলা ভাষায় জেল কোড খসড়া প্রণয়নের নির্দেশনা প্রদান করেন। নির্দেশনামতে জেল কোড সংশোধনক্রমে ইংরেজি ও বাংলায় খসড়া প্রণয়নপূর্বক ভেটিং এর জন্য ১৩ অক্টোবর ২০১৪ তারিখে আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। ১৫ ফেব্রুয়ারি ২০১৭ তারিখে অনুষ্ঠিত পঞ্চম আন্তঃমন্ত্রণালয় সভায় কারা আইন ও কারা বিধি সংশোধনের পরিবর্তে নতুনভাবে কারা আইন প্রণয়ন এবং নতুন কারা আইনের আলোকে নতুনভাবে কারা বিধি তৈরী করার সিদ্ধান্ত গৃহীত হয়। বর্তমানে জেল কোড | কার্যক্রম সম্পন্ন করতে হবে। | |

| | | | |
|---|---|---|---|
| | বিধিমালার খসড়া প্রণয়নের জন্য সুরক্ষা সেবা বিভাগের ২৫ মে ২০২৩ তারিখে একটি কমিটি গঠন করা হয়েছে।<br><br>The Prison's Act 1894 এবং The Prisoners Act 1900 এর স্থলে বাংলা ভাষায় “কারা ও সংশোধন পরিষেবা আইন ২০২২” এর খসড়া প্রণয়ন করা হয়েছে। বাংলাদেশ কারা ও সংশোধন পরিষেবা আইন, ২০২৩-এর খসড়ার ওপর জনমত যাচাইয়ের জন্য ১৯ ডিসেম্বর ২০২৩ তারিখে বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। | | |
| ১২ | **বিবিধ :** ২৯টি দেশের সাথে ভিসা অব্যাহতি চুক্তি বাস্তবায়ন সম্পন্ন হয়েছে এবং ৪৬টি দেশের সাথে ভিসা অব্যাহতি চুক্তি সংক্রান্ত কার্যক্রম চলমান আছে। | ১। যে সকল দেশের সাথে ভিসা অব্যাহতি চুক্তি স্বাক্ষরিত হয়েছে তাদের তালিকা এ বিভাগের ওয়েবসাইটে আপলোড করতে হবে।<br><br>২। প্রতি ০৩ (তিন) মাস পর পর পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে বিভিন্ন দেশের সাথে বাংলাদেশের চুক্তিসমূহের বিষয়ে সভার আয়োজন করতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ)/যুগ্মসচিব (বহিঃ ২ অধিশাখা)/উপসচিব (বহিঃ ২ শাখা), সিস্টেম এনালিস্ট (আইসিটি সেল), সুরক্ষা সেবা বিভাগ।** |

সভাপতি এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরের কর্মকর্তাগণকে তাঁদের মেধা, মনন, প্রজ্ঞা, দক্ষতা ও অভিজ্ঞতা কাজে লাগিয়ে অর্পিত দায়িত্ব নিষ্ঠার সাথে পালন করে সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য অনুরোধ জানান। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী
সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৪.১১.০০২.২৩.৪৪৪

তারিখ: ১১ পৌষ ১৪৩০
২৬ ডিসেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

২) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

মুহাম্মদ শহিদ উল্লাহ
উপসচিব